**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

৩৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৬ই কার্ত্তিক বুধবার ১৩৫৮ ইংরাজী 24th Oct. 1951 { ২২শ সংখ্যা

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৬ই কার্ত্তিক বুধবার সন ১৩৫৮ সাল।

# বিজয়ার সাদর সম্ভাষণ

আমরা আমাদের গ্রাহক, অনুগ্রাহক, পাঠক, বিজ্ঞাপনদাতা ও হিতাকাঙ্ক্ষিগণকে পাত্র ভেদে প্রণাম, নমস্কার ও শুভেচ্ছাসহ বিজয়ার সালিঙ্গন সাদর সম্ভাষণ জ্ঞাপন করিতেছি।

# কংগ্রেস-দুর্নীতি ও নেহেরুজী

কংগ্রেসে এবং কংগ্রেস সরকারে রকমারী দুর্নীতি প্রবেশ করিয়াছে বলিয়া কংগ্রেসের একনিষ্ঠ সেবক ও ভূতপূর্ব্ব সভাপতি স্বনামধন্য আচার্য্য জে. বি. কৃপালনী সস্ত্রীক কংগ্রেস ত্যাগ করিয়া অন্যান্য প্রদেশের কংগ্রেসের উপর বীতশ্রদ্ধ নামকরা নামকরা ব্যক্তিগণকে লইয়া কৃষক-মজদুর-প্রজাপার্টি নামক রাজনীতিক দল গঠন করিয়া তাহার সভাপতি হইলেন। কংগ্রেস সভাপতি ক্ষেত্রীকুলতিলক রাজর্ষি পুরুষোত্তমদাস ট্যাণ্ডন ইহাতে একটুও বিচলিত না হইয়া মন্তব্য করিলেন—কংগ্রেস মহাবৃক্ষের দুই একটী শাখা বিচ্যুত হইলে এই সুবৃহৎ মহীরুহের কিছুই যায় আসে না। কেন্দ্রীয় সংসদের দুই জন মন্ত্রী জনাব কিদোয়াই এবং শ্রীঅজিতপ্রসাদ জৈন কংগ্রেস ও মন্ত্রিত্ব দুইই ত্যাগ করিলেন। পরে প্রধান মন্ত্রী জহরলালজীর অনুরোধে মন্ত্রিত্বে ইস্তফা পত্র প্রত্যাহার করিলেন। পরে জনাব কিদোয়াই আবার মন্ত্রিত্ব ত্যাগ করিলেন। এবার কিন্তু জৈনজী কিদোয়াই সাহেবের অনুসরণ না করিয়া মন্ত্রিত্ব আঁকড়াইয়া থাকিলেন। কিদোয়াই সাহেব কৃপালনিজীর কৃষক-মজদুর-প্রজা পার্টিতে [illegible]গদান করিলেন। কংগ্রেস সভাপতি ট্যাণ্ডনজী [illegible]তও ভ্রূক্ষেপ করিলেন না।

এইবারে ভারতের প্রধান মন্ত্রী শ্রীযুত জহরলাল নেহেরুজী সেই দুর্নীতিরই অজুহাতে কংগ্রেস কার্য্যকরী সমিতি এবং সঙ্গে সঙ্গে কংগ্রেস নির্ব্বাচনী সমিতি দুইই ইস্তফা দিয়া ফেলিলেন। এইবারে কিন্তু কংগ্রেস মহীরুহের কাণ্ডদেশে কম্পন আরম্ভ হইল। সভাপতি রাজর্ষি ট্যাণ্ডনজী এবারে কিন্তু কংগ্রেস মহাবৃক্ষের বিশালত্বের গর্ব্ব অনুভব করিলেন কিনা তাহা তিনিই জানেন, আর তাঁর মনই জানে। নাসিক কংগ্রেসে যাঁহারা তাঁহাকে এই গৌরবের আসনে অধিষ্ঠিত করিয়াছিলেন, তাঁহাদেরই অধিকাংশের মতে ভারতের প্রধান মন্ত্রী নেহেরুজীই সেই সম্মানিত পদে উপবেশন করিলেন। এই পদ গ্রহণের সময় নেহেরুজী একবার বলিলেন—একই ব্যক্তির পক্ষে প্রধান মন্ত্রিত্ব ও কংগ্রেস-সভাপতিত্ব করা অশোভন হইলেও তাঁহাকে ইহা গ্রহণ করিতে হইল। ট্যাণ্ডনজী কংগ্রেস সভাপতিত্ব ত্যাগ করিয়া ওয়ার্কিং কমিটির অন্যতম সভ্য পদে থাকিতে কোনও আপত্তি করিলেন না। জহরলালজী যখন দুর্নীতির অজুহাতে কংগ্রেস ওয়ার্কিং কমিটি ও নির্ব্বাচনী সমিতি ইস্তফা করিয়াছিলেন, তখন সাধারণে বুঝিল যে ট্যাণ্ডনজী যে দুর্নীতি দূর করিতে পারেন নাই এইবারে জহরলালজী তাঁহার সরকারী ও কংগ্রেসী দুই শক্তি প্রয়োগ করিয়া নিশ্চয় কংগ্রেসকে কলুষমুক্ত করিবেন। ট্যাণ্ডনজীও ধীর স্থিরভাবে দর্শকের মত সমস্ত নিরীক্ষণ করিতে লাগিলেন। জানি না তিনি মনে মনে রাষ্ট্রীয় ভাষায় লিখিত এই দোঁহাটী আবৃত্তি করিয়াছিলেন কিনা—

"যো তোম্‌কো কাঁটা বুয়ে
তাকো বুয়ো তু ফুল।
তুম্‌হারা ফুল, ফুল রহেগা
উন্‌কা কাঁটা হোগা ত্রিশূল।"

অর্থাৎ যে তোমার দুয়ারে কাঁটা বপন করে, তুমি তার দুয়ারে ফুল গাছ রোপণ করিবে। তোমার ফুল ফুলই থাকিবে, তার রোপিত কাঁটা তার পক্ষে ত্রিশূলের মত যন্ত্রণাদায়ক হইবে।

কংগ্রেস সভাপতি পদে অধিষ্ঠিত হইয়া নেহেরুজী ভারতের দুর্নীতি সম্বন্ধে বলিয়াছেন যে অন্যান্য দেশ অপেক্ষা আমাদের ভারতে দুর্নীতি ঢের কম। যিনি দুর্নীতিপরায়ণদের একদিন নিকটস্থ লাইট পোষ্টে ফাঁসি দিবেন বলিয়াছিলেন, তাঁহার মুখে কি এই কথা শোভা পায়? তাঁহার দেশে অন্য দেশ অপেক্ষা দুর্নীতি কম বলিয়া যিনি সোয়াস্তি অনুভব করেন, তাঁহাকে সেই ফেল ছেলেটী—যে নিজেকে ফেলের মধ্যে ফার্ষ্ট বলিয়া গৌরবান্বিত হইয়াছিল, তাহার সহিত তুলনা করা যায়। জহরলালজী আরও বলিয়াছেন—দুর্নীতি দুর্নীতি বলিয়া বক্তৃতা করায় কোন ফল হয় না। আচ্ছা আমরা তাঁহাকে সসম্মানে জিজ্ঞাসা করি—তিনি কেবল বক্তৃতা ছাড়া এই ক্ষুধাতুর, বিবস্ত্র দেশবাসীকে কি দিয়াছেন?

জাতীয় কংগ্রেসের ৫৭তম অধিবেশন। দিল্লী মহানগরীর সান্নিধ্যে "সত্যবতী" নগর নামকরণ করিয়া কয়েক লক্ষ মুদ্রা ব্যয়ে যে কংগ্রেস মণ্ডপ নির্ম্মিত হইয়াছিল অধিবেশনের পূর্ব্বে অগ্নিকাণ্ডে তাহা ভস্মস্তূপে পরিণত হইয়াছিল। এই দগ্ধ মণ্ডপেই কংগ্রেসের অধিবেশন হইল। মাত্র ৭॥০ ঘণ্টা অধিবেশনে বাদানুবাদ কিছুই হয় নাই। সর্ব্বসম্মতিক্রমে শ্রীনেহেরু কংগ্রেসের সার্ব্বভৌম কর্ত্তা বলিয়া স্বীকৃত হইয়াছেন। সাম্প্রদায়িকতাই দেশে সর্ব্বনাশ করিতেছে, এই সিদ্ধান্তই গুরুতরভাবে গৃহীত হইয়াছে। অন্নাভাব বা বস্ত্রাভাব কোন গুরুত্ব প্রাপ্ত হয় নাই।

হিন্দুকোড বিল আপাততঃ স্থগিত আছে। এই বিলের রচয়িতা ডাঃ আম্বেদকর বিরোধী পক্ষে যোগ দিয়াছেন। তাঁহার মনস্তুষ্টির জন্যই হউক বা নিজের নির্ভীকতা প্রচারের জন্যই হউক নেহেরুজী ক্ষমতা পাইলেই হিন্দুকোড বিল পাশ করিয়া লইবেন বলিয়া ভাষণ দিয়াছেন। এই ৫৭তম অধিবেশনে ভাষণে প্রধান মন্ত্রী ও কংগ্রেস সভাপতির তমঃ বিশেষভাবে প্রকাশ পাইয়াছে। ধর্ম্ম-নিরপেক্ষ রাজ্যে হিন্দুর পক্ষে হিন্দুকোড বিল হিতকরী হইলেও ইহা সাম্প্রদায়িকত্বের নিদর্শন এবং অহিতকরী হইলেও সাম্প্রদায়িকত্বেরই নিদর্শন।

## বিজ্ঞপ্তি

জেলা প্রচারাধিকারিক এক বিজ্ঞপ্তিতে মুর্শিদাবাদ জেলার প্রাক্তন সৈন্যগণকে জানাইতেছেন যে তাঁহাদের নিজ নিজ ডিস্‌চার্জ্জড সার্টিফিকেট (Discharged Certificate) সহ সৈন্য বিভাগে চাকুরীর জন্য অবিলম্বে ডিষ্ট্রীক্ট সোলজার্স সেলার্স ও এয়ারম্যান্‌স্ বোর্ডের সম্পাদক অফিসে বর্দ্ধমানে সাক্ষাৎ করুন। স্মরণ রাখিবেন, বর্দ্ধমান যাতায়াতকালীন তাঁহারা কোন খরচ পাইবেন না।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্‌সেফী আদালত

### নিলামের দিন ১২ই নভেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

২৯৮ থাং ডিঃ সতীশচন্দ্র চৌধুরী দেং লালসুন্দর চৌধুরী দিং দাবি ৩০॥৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ২৯ শতকের কাত ২/১ আঃ ১০৲ রায়ত স্থিতিবান

৪১২ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং মহেন্দ্রনাথ রায় দিং দাবি ২১৷৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুরা ২০৫ শতকের কাত ৫॥৶৬ আঃ ১৫৲ থং ২১১

৪১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৸৶০ মৌজাদি ঐ ১-৩৫ শতকের কাত ৩॥৶০ আঃ ৫৲ থং ২১৪

৪১৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৶৩ মৌজাদি ঐ ৩০১ শতকের কাত ৮৷৶৩ আঃ ২০৲ থং ২১৩

৪১৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪/৩ থানা ঐ মৌজে তেঘরী ৫-৫৫ শতকের কাত ১১/০ আঃ ২৫৲ থং ৫৫৬

৩৯ মনি ডিঃ বিমলেন্দুনাথ সরকার দেং প্রভাতকুমার দাস দাবি ৪৭॥৵০ থানা সুতী মৌজে কাহুঞা ১৪ শতকের কাত ৷৯ আঃ ২০৲ থং ৬৮০

৪১ মনি ডিঃ ফুলচাঁদ শেঠি দিং দেং বগলাচরণ সেন ভেইয়া দাবি ১১৫৬৷/০ থানা সুতী মৌজে ভাবকী ৭-১৭ শতকের কাত ১৫৸৫ তন্মধ্যে ১/৪ অংশের কাত হারাহারি মতে ৩৸৶১৷০ থং ৮০

৪৭ মর্গেজ ডিঃ দুর্গাপদ চট্টোপাধ্যায় দেং রোস্তম মহম্মদ খাঁ দিং দাবি ১০৭২৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী ৬ শতকের কাত ১৸০ আঃ ৬০০৲ থং ১৫২৯, ১৫১১ মায় তদুপরিস্থিত গৃহাদি

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৯শে নভেম্বর ১৯৫১

১৯৪০ সালের ডিক্রীজারী

৬৫১ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং গিরিজাপ্রসাদ চট্টোপাধ্যায় দাবি ১৭/৯ থানা সমসেরগঞ্জ মৌজে উমরপুর ১৫ শতকের কাত ১৸৵২ আঃ ৬৲ থং ৩১৫

১৯৫১ সালের ডিক্রীজারী

১৮২ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং ফকির মহম্মদ দিং দাবি ২৬৷/৯ থানা সাগরদীঘি মৌজে ব্রাহ্মণীগ্রাম ৭৬ শতকের কাত ৩৲ আঃ ২০৲ থং ২৭৪

২১০ থাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দেং বিবি রহিমন্নেসা দাবি ৪৭৷৬ থানা সাগরদীঘি মৌজে খারিওর ২-৩ শতকের কাত ১২॥৶০ আঃ ২৫৲ থং ৭৮৫ রায়ত স্থিতিবান

২১১ থাং ডিঃ ঐ দেং দৌলতুন্নেসা বিবি দাবি ১৮৲৩ থানা ঐ মৌজে বেলসেণ্ডা ৬-৫৭ শতকের কাত ১৸৶/১৬ আঃ ৫৲ থং ১৩২ ঐ স্বত্ব

২১২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৶৩ মৌজাদি ঐ ৮৬ শতকের কাত ২৵৮ আঃ ৫৲ থং ১৩৩

১৮১ থাং ডিঃ রাজা কমলারঞ্জন রায় দেং দিনমহম্মদ সেথ দিং দাবি ১৮৸০ থানা সাগরদীঘি মৌজে ভু কুণ্ডা ৮১ শতকের কাত ৪৷৬ আঃ ৫৲ থং ১৪৯

২৭৪ থাং ডিঃ বুদ্ধু হোসেন মৃত্যান্তে নাদির মণ্ডল নাঃ দিং পক্ষে কালু মণ্ডল দিং দেং হরিপদ সাহা দিং দাবি ১৮৸৵৯ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ৪৯ শতকের কাত ২৲ আঃ ৫৲ থং ১২৬১

৩১৯ থাং ডিঃ তারাপ্রসন্ন চট্টোপাধ্যায় দেং কমলিনী দেবী দিং দাবি ২৮৷৵০ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৩৩০ শতকের কাত ১৩॥/১০ আঃ ১০৲ থং ৫৯০

১৮৪ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং বীরেন্দ্রনাথ মহাতা দেং নেহালজান মৃত্যান্তে ফকিরমহম্মদ সেথ দিং দাবি ৭৮॥৵০ থানা সাগরদীঘি মৌজে পাউলী ২২০ শতকের কাত ১০৸৵০ আঃ ১০৲ থং ১০৫

৩২৯ থাং ডিঃ বিনয়কুমার ভট্টাচার্য্য দিং দেং সৈয়দা বিবি দিং দাবি ৫১॥/৩ থানা সাগরদীঘি মৌজে জিনদীঘি ১-৫১ শতকের কাত ৭৸১০ আঃ ৩০৲ থং ৩১৭ রায়ত স্থিতিবান

৩১৬ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মনিমোহন চৌধুরী দেং আবদুল রহামান সেথ দিং দাবি ২৬৷৶৯ থানা সাগরদীঘি মৌজে মাঠখাগড়া ১-৪১ শতকের কাত ৪৷/১০ আঃ ১৫৲ থং ৪১৬ রায়ত স্থিতিবান

৩০৬ থাং ডিঃ অনারেবল মহারাজকুমারী রাণী রাধাকুমারী সাহেবা দেং ঊষাবালা বিশ্বাস দাবি ১৭৪৷৶০ থানা সাগরদীঘি মৌজে বাড়ালা ৫-৫১ শতকের কাত ৪২৷/৯ আঃ ১৭০৲ থং ১৮৮

২৮৮ থাং ডিঃ লালগোলা রাজ ওয়ার্ড এষ্টেট দেং কালিদাসী দেবী দিং দাবি ১৭॥/০ থানা সাগরদীঘি মৌজে বড়গাড়ী ৭৬ শতকের সেস ৷৯ আঃ ১০৲ থং ১১৮ নিষ্কর স্বত্ব

২৮৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২॥৶৬ থানা ঐ মৌজে হুড়হুড়ি ৩-৮২ শতকের কাত ১৷৵০ আঃ ৩০৲ থং ২৩৪

২৪২ থাং ডিঃ ঐ দেং সোয়েব আলি সেথ দিং দাবি ৩১॥৶৬ থানা ঐ মৌজে বাড়ালা ১-৯৮ শতকের কাত ॥/৬ আঃ ২৫৲ থং ৮

২৪৩ থাং ডিঃ ঐ দেং দক্ষিণারঞ্জন বিশ্বাস দিং দাবি ৩০॥/৩ মৌজাদি ঐ ১-৪৯ শতকের কাত ৷৯ আঃ ২৫৲ থং ১০৭

২০২ থাং ডিঃ ঐ দেং ধীরেন্দ্রনাথ রায় দিং দাবি ৪৪॥৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে মালঞ্চা ৬-৪৫ শতকের সেস ৸৶০ আঃ ৪০৲ থং ১৪৩ অধীনস্থ থং ১৪৪ নিষ্কর স্বত্ব

২০৩ থাং ডিঃ ঐ দেং সেকেন্দর বিশ্বাস দিং দাবি ১৮৲৩ মৌজাদি ঐ ১-৪০ শতকের সেস ৷৩ আঃ ১৫৲ থং ১৬০ অধীনস্থ থং ১৬১ ঐ স্বত্ব

২৪০ থাং ডিঃ ঐ দেং পতিতপাবন দাস দিং দাবি ১৯/০ থানা ঐ মৌজে অন্তঃদ্বীপা ৭৪ শতকের কাত ৶৬ আঃ ১০৲ থং ১৫

২৯১ থাং ডিঃ ঐ দেং নীরোজকৃষ্ণ ঘোষ দিং দাবি ৩৬৷৶০ থানা ঐ মৌজে দোগাছি ৪-৩৭ শতকের সেস ৸৬ আঃ ১০৲ থং ৩০, ৩১, ৩২ ঐ স্বত্ব

২৮৫ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং সেরাজুদ্দিন মোমিন দিং দাবি ৫৩৷/০ থানা ফরক্কা মৌজে পরাণপাড়া ২২৮ শতকের কাত ১০৷/১০ আঃ ২৫৲ থং ৬৬০।১৩৪৭

১৪৫ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং আবদুল খালেক সেখ দাবি ৩১৷৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩১ শতকের কাত ৪॥৶৩ আঃ ২৫৲ থং ৫৭১ রায়ত স্থিতিবান

১৮৫ থাং ডিঃ জ্যোৎস্নানাথ পোহিত দেং রসিক সর্দ্দার দাবি ১৫৸/৯ থানা সাগরদীঘি মৌজে ভাবকী ৪৯ শতকের কাত ২৸৵/১৫ আঃ ১০৲ থং ১০৬ রায়ত স্থিতিবান

১৮৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৶০ মৌজাদি ঐ ৪৭ শতকের কাত ৩৸/১০ আঃ ১০৲ থং ১০৮ ঐ স্বত্ব

১৮৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪॥৶৯ মৌজাদি ঐ ৮২ শতকের কাত ২৷৶১০ আঃ ১০৲ থং ১০৭ ঐ স্বত্ব

২২৩ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ৩১৷/৩ থানা সাগরদীঘি মৌজে কিঃ গাদী ৬১ শতকের কাত ৭৲৬ পাই আঃ ১০৲ থং ১১৪

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৯শে নভেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

২২৪ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং রায় জ্ঞানেন্দ্র-নারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ১৫৳৵৩ থানা সাগর-দীঘি মৌজে কিঃ গাদী ৪৭ শতকের কাত ১৷৬ আঃ ৪৲ খং ৯৪

১৬৫ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং এসাহাক বিশ্বাস দাবি ৯৷৩ থানা সমসেরগঞ্জ মৌজে ভাসাই পাইকর ৮ শতকের কাত ।৵০ আঃ ৫৲ খং ১০৪

১২০ থাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং লক্ষ্মী-নারায়ণ সিংহ দিং দাবি ৪১।৬ থানা সমসেরগঞ্জ মৌজে বহড়াগাছি ২৭৮ শতকের কাত ৮৷/১০ নিজাংশে ৪।১৫ আঃ ২৫৲

১৫০ থাং ডিঃ ঐ দেং ইসমাইল বিশ্বাস দিং দাবি ৫৩৲ মৌজাদি ঐ ১৯৭ শতকের কাত ৫।/১৯ আঃ ২৫৲

২৬৭ থাং ডিঃ ঐ দেং মজিদ সেখ দিং দাবি ১৭৵৩ মৌজাদি ঐ ১-১০ শতকের কাত ২৷৵০ নিজাংশে ১৷৵৩ আঃ ১০৲

২৭১ থাং ডিঃ ঐ দেং জয়নাল আবেদীন বিশ্বাস দাবি ১৩৷০ থানা ফরক্কা মৌজে আলাইপুর ও দামোদরপুর ১০৫৷০ শতকের কাত ২৷৵৫ পাই আঃ ৫৲

২৭৫ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং সীতাসুন্দরী দাসী দাবি ৭৳৵৬ থানা ফরক্কা মৌজে বাহাদুরপুর ৩৬ শতকের কাত ৷/৬ পাই আঃ ২৲

২৭৬ থাং ডিঃ ঐ দেং গিরিশচন্দ্র মণ্ডল দাবি ১৩৯৳/৬ থানা ঐ মৌজে তালীপুর ২০/৲১০ জমির কাত ২৩।/৬ আঃ ১০০৲ খং ৪৮

২৮১ থাং ডিঃ ঐ দেং সুরেশ মণ্ডল দিং দাবি ৫২৷৯ থানা ঐ মৌজে সুদনা ৫।১৲১৩ জমির কাত ১০/৬ আঃ ৪০৲

২৯০ থাং ডিঃ ঐ দেং রামলাল মণ্ডল দিং দাবি ১২৷৯ মৌজাদি ঐ ৷৩৲১৬ জমির কাত ৳৵৯ আঃ ৫৲

২৯২ থাং ডিঃ ঐ দেং কলু বেওয়া দিং দাবি ৩১।/০ মৌজাদি ঐ ৬৪ শতকের কাত ৩৷৵৬ আঃ ১৫৲

২৯৫ থাং ডিঃ ঐ দেং সুরেশ মণ্ডল দিং দাবি ২৪৬৳/৯ মৌজাদি ঐ ৩৭৷৩৲৪ জমির কাত ৫৩।/০ আঃ ২০০৲

২৯৬ থাং ডিঃ ঐ দেং লালজান নাদাপ দিং দাবি ৩৮৷৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে লালপুর ১৳১৲১৮ জমির কাত ৫।৵৯ আঃ ২৫৲




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত